R N. No. 2532/57

Phone No. 66-228

Regd. No.—WB/MSD—4

সুখ ★ স্বাচ্ছন্দ্য ★ নিরাপত্তা
ত্রয়ীর সম্মেলন
নিবেদিতা লজ
।। স্থান ।।
দরবেশপাড়া, রঘুনাথগঞ্জ
আধুনিক সর্বপ্রকার স্বাচ্ছন্দ্যে পরিপূর্ণ এই লজে নিরাপদে, স্বল্প ব্যয়ে থাকার সুযোগ নিন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।
দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন
রঘুনাথগঞ্জ ★ ফোন নং-১১২

৮০শ বর্ষ
৪৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৩০শে চৈত্র বুধবার, ১৪০০ সাল
১৩ই এপ্রিল, ১৯৯৪ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫ টাকা

## জঙ্গিপুরে ভাগীরথীর উপর সেতুর কাজ আগামী বছর শুরু হবে—পূর্তমন্ত্রী

সৌমিত্র সিংহ রায়, রঘুনাথগঞ্জ : 'বামফ্রন্ট সরকার মানুষের মৌলিক অধিকারের ক্ষেত্রে পরিবর্তন আনতে পারবেনা—মন্ত্রী হিসেবে দীর্ঘ অভিজ্ঞতায় এটাই বুঝেছি। এই সংবিধান পুঁজিপতিদের, বড়লোকের স্বার্থ রক্ষা করে। এই সংবিধানের আওতায় বামফ্রন্ট সরকার আছে। আমরা এই সংবিধানের পরিবর্তন চাই—না হলে, গরীব মানুষের মুক্তি আসবে না, বেকার যুবকদের চাকরী হবে না।' পঃ বঙ্গ সরকারের পূর্তমন্ত্রী শ্রীমতীশ রায় দলের শ্রমিক সংগঠন ইউ টি ইউ সি-র জেলা কাউন্সিল উপলক্ষে রঘুনাথগঞ্জ ছায়াবাণী সিনেমার সামনে প্রকাশ্য সমাবেশে একথা বলেন গত ৯ এপ্রিল বিকালে। শ্রীরায় ইউ টি ইউ সি-র রাজ্য সভাপতি। তিনি ডাঙ্কেল প্রস্তাবে শ্রমিক-কৃষক-মধ্যবিত্ত, দেশের ৯০ ভাগ মানুষের সামনে কি ভয়ানক দুর্দিন আসছে তার ব্যাখ্যা করে কেন্দ্রিয় সরকারের চরম সমালোচনা করেন। মন্ত্রী হিসেবে মতীশবাবু জঙ্গিপুরবাসীকে আশ্বাস দেন, ভাগীরথীর উপর আগামী বছর সেতুর কাজ আরম্ভ হবে। ২০-২২ কোটি টাকা খরচ হবে, সময় লাগবে ৫ বছর। বাস টার্মিনাস তৈরী করতে পূর্তবিভাগ জায়গা দেবে, আগামী বছরের মধ্যে তৈরীর কাজ শেষ হবে। ইউ টি ইউ সি-র সর্বভারতীয় সম্পাদক এবং বিশিষ্ট শ্রমিক নেতা সুনীলরঞ্জন সেনগুপ্ত তাঁর বক্তব্যে বলেন, "গত ৩ বছর শিল্প-বাণিজ্যের ক্ষেত্রে ঘাটতি। নির্বাচনের আগে কংগ্রেস প্রতিশ্রুতি দিয়েছিল, ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমাবে—কিন্তু প্রতিদিন জিনিসের দাম বাড়ছে। গরীব, নিম্নবিত্তের নাগালের বাইরে, জিনিসপত্রের দাম আগুন হয়ে গিয়েছে। মুর্শিদাবাদের মণীন্দ্র মিল আজ রুগ্ন। কেন্দ্রের ভুল নীতির ফলে কাপড়ের মিলের ৭০ হাজার শ্রমিক ছাঁটাই করা হবে। কেন্দ্রিয় সরকার উপহার দিয়েছেন আধুনিকীকরণের নামে শ্রমিক ছাঁটাই। কংগ্রেস সরকারের বিকল্প পথ নতুন শিল্পনীতি, নতুন অর্থনীতি—কর্মচারী ছাঁটাই করতে হবে, কৃষিক্ষেত্রে ভর্তুকী বন্ধ করতে হবে। তাই, ইউ টি ইউ সি মনে করে, কেন্দ্রিয় সরকারের সাম্রাজ্যবাদের কাছে আত্মসমর্থনের বিরুদ্ধে দেশবাসীকে দ্বিতীয় স্বাধীনতা সংগ্রামের লড়াই করতে হবে। ৪৭টি বিদেশী ব্যাঙ্ককে ব্যবসা করার অনুমতি দিয়েছে, পরিবেশের নাম করে আমাদের শিল্পকে ধ্বংস করার চক্রান্ত করে সাম্রাজ্যবাদী দেশগুলো আমাদের দেশকে লুঠ করবে। এর বিরুদ্ধে সব মানুষকে একজোট হয়ে লড়াই করতে হবে। কেন্দ্রিয় সরকারের হিসেব, ৭৪ হাজার কোটী কালো টাকা শিল্পপতিদের কাছে আছে,—সেগুলো উদ্ধার করতে পারছেন না কেন?" জঙ্গিপুরের আর এস পি নেতা এবং ইউ টি ইউ সি-র মহকুমা সম্পাদক প্রদীপ নন্দী তাঁর বক্তব্যে বলেন, 'পুরসভা রাম সেন সেতুতে আলো দিচ্ছে না। রাস্তার ধারের দোকানদার, যাঁদের ঘর ভেঙে দিয়েছে প্রশাসন, তাঁদের রুটি রুজির জন্য তাড়াতাড়ি বিকল্প জায়গার ব্যবস্থা করতে হবে।' জঙ্গিপুরের বিধায়ক আবদুল হক তাঁর বক্তব্যে ভাগীরথী সেতুর ব্যাপারে জঙ্গিপুর পুরসভার চেয়ারম্যান মৃগাঙ্ক ভট্টাচার্যের উদ্যোগের জন্য মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীর সাথে তাঁদের আলোচনায় সহযোগিতা করায় উচ্ছ্বসিত প্রশংসা করেন। অন্যান্য বক্তারা ছিলেন ইউ টি ইউ সি-র জেলা সম্পাদক বিশ্বনাথ ব্যানার্জী, আর এস পি-র জেলা সম্পাদক আশিস রায় চৌধুরী।

## এস টি ডি চালুর দাবীতে ব্যবসায়ীরা সমস্ত ফোন জমা দিলেন

ধুলিয়ান : স্থানীয় ব্যবসাদারেরা এখানে এই মুহূর্তে এস টি ডি চালুর দাবী জানিয়ে টেলিফোন বিভাগের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন। তাঁরা যৌথভাবে কাজের অগ্রগতি না হওয়ার প্রতিবাদে গত ২ এবং ৫ এপ্রিল এখানকার মোট ১১২টি ইলেট্রনিক ফোন বোর্ডের কাছে জমা দেন। এই পরিপ্রেক্ষিতে ৮ এপ্রিল বহরমপুরের ডিটিই এবং পি আর ও ধুলিয়ানে উপস্থিত হলে স্থানীয় থানা অফিসে ওসির মধ্যস্থতায় এক বৈঠক হয়। তাতে আগামী ২৭ এপ্রিলের মধ্যে কলকাতায় টেলিকম বিভাগের মিটিং এ এই নিয়ে আলোচনা করে ২ মাসের মধ্যে এস টি ডি চালু করার লিখিত প্রতিশ্রুতি দিলে আন্দোলন প্রত্যাহৃত হয়। ব্যবসায়ীদের পক্ষে অংশ নেন অজিত সিংহ, বিজয় জৈন প্রমুখ।

## সাগরদীঘি পুলিশ প্রশাসনের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ উঠেছে

বিশেষ প্রতিনিধি : সাগরদীঘি থানা এলাকার জনগণের অভিযোগ এই থানার পুলিশ প্রশাসন দুর্নীতি ও অশান্তি দমনের কোন প্রচেষ্টা নিচ্ছেন না। এই থানার বিভিন্ন গ্রাম থেকে চাল, গরু, চিনি, কেরোসিন বালিয়া ঈদগাহা হয়ে বিষ্ণুপুর, কাবিলপুর দিয়ে ভাগীরথী পার হয়ে লালগোলা এবং সেখান থেকে বাংলাদেশে পাচার হচ্ছে। জনগণের অভিযোগ এদের সঙ্গে পুলিশের গোপন সমঝোতা থাকায় তারা পুলিশকে ভয়ই পায় না। পুলিশের বিরুদ্ধে আরও অভিযোগ এই থানার বিভিন্ন অঞ্চলের চোলাই মদের ঘাঁটি ও ঠেক পুলিশের সঙ্গে গোপন লেনদেনে চালু রয়েছে। এই সমস্ত ঠেক ও ঘাঁটি মালিকরাও পুলিশের বিরুদ্ধে টাকা পয়সা ( শেষ পৃঃ দ্রঃ )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভ[illegible]ার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

: আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৩০শে চৈত্র বুধবার, ১৪০০ সাল।

## গ্রামে বিঘ্নিত নিরাপত্তা

গ্রামের মানুষের জন্য কেহ ভাবেন কি? ভাবেন বলিয়া মনে হয় না। যদি কেহ ভাবিয়া থাকেন তবে গ্রাম হইতে গ্রামের মানুষ সাত পুরুষের ভিটা ছাড়িয়া চলিয়া আসিতেছেন কেন? মাটির প্রতি মমত্ব, ভিটার প্রতি আকর্ষণ—সবকিছুই তাহাদের মন হইতে, নাড়ী হইতে মুছিয়া যাইতেছে শুধু অকারণে বলি.ত হইবে! না, তাহা নহে। পূর্বপুরুষের বহু স্মৃতিবিজরিত গ্রাম ঘর এমনি সহজে ছাড়িয়া আসিতে পারে না। কিন্তু গ্রামে আজ তাহা ঘটিতেছে। জীবনের দায়ে তাহারা গ্রাম ছাড়িতেছে। গ্রামে আজ শান্তি নাই। 'ছায়া সুনিবির শান্তির নীড়' গ্রামগুলি আজ অশান্তির আখড়া হইয়া উঠিয়াছে। গ্রামের মধ্যবিত্ত, স্বল্পবিত্ত মানুষের নিরাপত্তা আজ হারাইয়া গিয়াছে। প্রায় প্রতি রাত্রিতেই কোন না কোন গ্রামে ডাকাতি, চুরি, রাহাজানি, খুনখারাপি হইতেছে। বিত্তবান আর বিত্তহীন মানুষের পার্থক্য নাই। নির্বিচারে গ্রামের বুকে এমনি অনেক মানুষের জীবনে নামিয়া আ সয়াছে এবং আসিতেছে দুষ্কৃতকারীদের হাতে নির্য্যাতন-অত্যাচার। একেই তো গ্রামের বুকে 'পল্লীসমাজে'র তাবৎ 'ভৈরব গাঙ্গুলী', 'বেণী ঘোষালের' দল যুগ বিবর্তন ও পরিবর্তনের মধ্য দিয়া নিজেদের নিজ নিজ খোলনলচে বদল করিয়াছে, যুগের আবহাওয়া মাফিক নিজেদের পোষাক পাল্টাইয়া ফেলিয়াছে এবং নিরীহ মানুষদের উপর কপট ষড়যন্ত্রের ব্যূহ রচনা করিয়া শোষণ শুরু করিয়াছে। দিনের আলোয় ইহারা মুখোশের আড়ালে নিজ নিজ ভূমিকা পালন করিতেছে। রাত্রিতে আর এক দস্যুর দল ডাকাতের সজ্জায় আসিয়া গ্রামবাসীর জীবনে নিগ্রহ সৃষ্টি করিতেছে। শুধু কি তাহাই? শাণিত অস্ত্রের আঘাতে, বোমার বিস্ফোরণে জীবন সংশয় করিয়া তুলিয়াছে। গ্রাম আজ ভীতির সাহারা হইয়া দাঁড়াইয়াছে। শান্ত নিরীহ মানুষের দল যাহারা এখনও গ্রাম ছাড়িয়া আসিতে পারেন নাই—তাহাদের অবস্থা অনেকটা উৎসর্গীকৃত বলির পাঁঠার মত শঙ্কায় কম্প বক্ষ। ইহারা বিচার চাহিবেন কাহার বা কাহাদের নিকট? কেননা বিচারের নামেও [illegible] চলিতেছে মিথ্যা প্রহসন। বিচার চাহিয়া [illegible]ছে উভয় তরফ হইতে শোষণ এবং [illegible] তাই আজ অনেকের ধারণা—গ্রামে যদি নিতান্তই থাকিতে হয় তবে হয় মুখ বন্ধ করিয়া 'দাদাদের' নির্যাতন এবং ডাকাতের অত্যাচার সহিতে হইবে, নয় গ্রামের মায়া, ভিটে-মাটির মায়া কাটাইয়া প্রাণটুকু হাতে লইয়া শহরে অথবা গঞ্জে নিদানপক্ষে যেখানে একটুকু নিরাপদ আশ্রয় সম্ভব সেখানে উঠিয়া আসিতে হইবে। গ্রামের বুকে যাহারা নিরন্তর অশান্তির ছায়া ফেলিতেছে, ভীতি ও সন্ত্রাসের যবনিকা জাল বিস্তার করিতেছে—তাহা কি সত্য সত্যই দূরীভূত করিবার কোন ব্যবস্থা নাই? আজ গ্রামের সাধারণ মানুষের মনে শুধু এই প্রশ্নটি বড় করিয়া দেখা দিয়াছে—দুষ্কৃতকারীদের বীভৎস দানবীয় অত্যাচার। দাদাদের জুলুমবাজী কি বন্ধ হইবে না? গ্রামের মানুষের এই আতঙ্ক, এই ত্রাস কি দূর হইবে না? ভাগ্যহত গ্রামবাসীর ইহা কি ভাগ্যের দোষ বলিয়া মানিয়া লইতে হইবে? কে জানে?

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব

### কমিটি গঠন করা গেল না প্রসঙ্গে

সামসেরগঞ্জ থানা ব্লক যুব কংগ্রেস সভাপতি হিসাবে আমি আপনার পত্রিকার ২ ফেব্রুয়ারী সংখ্যায় 'ভিতরের বিবাদে ব্লক যুব কমিটি গঠন করা গেল না' শিরোনামায় যে সংবাদ প্রকাশিত হয় তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি কখনও বাংলাদেশের চোরাচালানের সঙ্গে যুক্ত ছিলাম না বা আজও নাই।

নুরুল খাঁ/ধুলিয়ান

### আজিমগঞ্জ-রামপুরহাট ট্রেনে ছিনতাই

সাগরদীঘি: গত ২০ মার্চ সন্ধ্যায় আজিমগঞ্জ-রামপুরহাট ট্রেনের একটি কামরায় ছিনতাই হয়। ট্রেনটি আজিমগঞ্জ থেকে রামপুরহাট যাচ্ছিল। মোরগ্রাম ষ্টেশন থেকে ছাড়ার পরই একদল ছিনতাইকারী কামরায় উঠে ট্রেনযাত্রীদের উপর চড়াও হয়ে জোর করে টাকা পয়সা, গয়না ছিনিয়ে নিয়ে চলন্ত ট্রেন থেকে নেমে পালিয়ে যায়। এই খবর লেখা পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। উল্লেখ্য আজিমগঞ্জ রামপুরহাট লাইনের ট্রেনগুলিতে হামেশাই ছিনতাই হচ্ছে। অথচ কর্ত্তৃপক্ষ এ ব্যাপারে কোন উপযুক্ত ব্যবস্থা নিচ্ছেন না।

### যুব কংগ্রেসের পথসভা

জঙ্গিপুর: মাধ্যমিক পরীক্ষায় অঙ্কের প্রশ্নপত্র কেলেঙ্কারীতে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলা এবং কলকাতায় মাধ্যমিক ছাত্রী.দর উপর পুলিশের লাঠিচালনার বিরুদ্ধে যুব কংগ্রেসীরা মিছিল করলেন রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুরে গত ২৮ মার্চ। এক পথসভায় রঘুনাথগঞ্জ ২নং ব্লকের যুব কংগ্রেস নেতা তাজ্জিলুর রহমান বামফ্রন্ট স[illegible] শিক্ষানীতি, নারী নির্যাতন এবং পঞ্চা[illegible] সর্বস্তরে ভুরি ভুরি দুর্নীতির উল্লেখ করে বক্তব্য রাখেন। তিনি আরও জানান, রঘুনাথগঞ্জ ২ ব্লকের মিঠিপুর গ্রাম পঞ্চায়েত প্রধান রেশনকার্ড, রাস্তা এবং নানা ধরনের আর্থিক দুর্নীতি দীর্ঘদিন ধরে চালিয়ে যাচ্ছেন। সাধারণ মানুষকে দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে ঐক্যবদ্ধ হওয়ার ডাক দেন তিনি।

## জ্ঞানোদয়

### সৃজন সেন

'জীবনের মূল্যবান মুহূর্ত্তগুলোকে
রাজনীতি আড্ডা আর খেয়ালখুশীতে
উড়িয়ে ছড়িয়ে বাপু কি পেয়েছ তুমি?'
—সবাই জিজ্ঞাসা করে আত্মীয়ের মত।
দাদার দুঃখেতে তাঁরা বোঝায় আমাকে—
'বিপ্লবী সেজেছো সাজো, পড়লে বিপাকে
আবার চেপো না এসে, সে দাদার কাঁধে।'
—বলে সেই নমস্যরা যান থলে হাতে
চালের তেলের আর মাছের বাজারে,
প্রচণ্ড দামের তাতে যেই পোড়ে হাত
দুরন্ত বিক্ষোভে তাঁরা চেঁচান হঠাৎ—
"সব ব্যাটা চোর দ্যাশে, সবাই হারাম!
সূর্য সেন নাই দ্যাশে, নাই ক্ষুদিরাম?"

[ 'থানা গারদ থেকে মাকে' কবিতা সংকলন হ'তে সৌমিত্র সিংহ রায় কর্তৃক সংগৃহীত ]

### অধিক ফলনশীল নতুন ধান

সাগরদীঘি: গত খরিফ মরশুমে স্বর্ণা লাগিয়ে চাষীরা পোকার হাতে খুবই ক্ষতিগ্রস্ত হওয়ায় এবার আর স্বর্ণার চাষ করতে চাইছেন না। স্থানীয় কৃষি উন্নয়ন আধিকারিক অজিত দাস গ্রামে ঘুরে কৃষকদের শালিবাহন এবং মানশ-সরোবর ধান লাগানোর সুপারিশ করেন। এই দু'জাতীয় ধানে পোকা লাগে না। চুঁচুড়া ধান গবেষণা কেন্দ্র এই দু'জাতের ধান গবেষণাগারে আবিষ্কার করেন। চাষীরা কৃষি বিভাগের অনুমতি নিয়ে গবেষণাগার থেকে ঐ ধানের বীজ আনতে পারবেন।

## বিজ্ঞপ্তি

আমি জঙ্গিপুর সাব-রেজিষ্ট্রী অফিসের ইং ৩/৮/৭৩ তারিখের রেজেষ্ট্রিকৃত দলিলমূলে আমার ছোট ভাই শ্রীরমেন্দ্রনাথ রায়, পিতা ৺শ্যামাপদ রায় এর নামে অ মমোক্তারনামা সম্পাদন করিয়াছিলাম। গত ইং ৮/৪/৯৪ রোজ শুক্রবার বহরমপুর জেলা রেজেষ্ট্রী অফিসে উক্ত আমমোক্তার নামা বাতিল করিয়া দিয়াছি। উহা অদ্যকার তারিখ হইতে রহিত হইল। উক্ত ক্ষমতাবলে তিনি দলিল সম্পাদন ইত্যাদি কোন কার্য্য করিলে গ্রাহ্য হইবে না। কোন ব্যক্তি তাঁহার নিকট হইতে আমার ভূ-সম্পত্তি ক্রয় বা দানপত্র ইত্যাদি গ্রহণ করিলে নিজের দায়িত্বে করিবেন।

শ্রীসুপ্রভা সিংহ
১১/৪/৯৪ রঘুনাথগঞ্জ

# NATIONAL THERMAL POWER CORPORATION LTD.

NTPC

( A Govt. of India Enterprise )

Farakka Super Thermal Power Project

P.O. Nabarun, Dist Murshidabad, West Bengal, Pin-742236

## CONTRACT SERVICES DEPARTMENT

## TENDER NOTICE NO. CS : 93-94 : 02

Sealed tenders are invited from the contractors of repute with sound technical and financial capabilities, on line experence and possessing the requird equipments for execution of the following jobs for NTPC / FSTPP are requested to apply for tender documents. The last date for receipt of applications alongwith all desired documents is 26-4-94, in the office of the Sr. Manager (CS), NTPC / FSTPP.

| Sl. No. | Tender Ref. No. | Name of work | Estimated cost (Rs. in lakhs (Approximate) | Complition period (months) | Emd. value Rs. |
|---|---|---|---|---|---|
| 01. | 06 : 2131 | Annual running & maintenance including catering of VIP guest house and transit camp at PTS. | 3·00 | 12 | 6,000,00 |
| 02. | 06 : 2183 | Annual running & maintenance including catering of and transit camps at TTS & FHC. | 5·00 | 12 | 10,000,00 |
| 03. | 11 : 2110 | Biennial rate contract for maintenance of bowl mills and merick feeder of stage-I of FSTPP | 84·00 | 24 | 50,000,00 |
| 04. | 11 : 2165 | Biennial rate contract for on line leak sealing jobs in FSTPP | 19·97 | 24 | 39,000,00 |

### Qualifying Requirements :

01. For Sl 01 and 02 : A. Parties must have experience of working in Guest Houses of reputed Private/Government undertaking for similar works. Experience of working with Starred Hotels will be preferred. Yearly turnover for such work should not be less than Rs. 3 00 lacs. B. For Sl no 01 and 02 the job is initially for one year and may be extended for one more year at the mutually agreed rates.

02. For Sl 03 : The party should have executed jobs of similar nature in the said area mainly in Thermal Power Plants where factory Acts and other related Acts are applicable. The value of such jobs carried out should not be less than 25% of the estimated value in a single contract and 60% of the estimated value during last three years.

03. For Sl No 04 : 1. The party should have carried out similar type of jobs in reputed firms like Govt. firm/Govt. undertakings/large private sector etc. in single contract for value not less than 40 of the estimated value and 65 % of the estimated value during last three years.

2. The temparature and pressure for sealing area shall be in the range of 540°C and 150 Kg/Gm respectively.

3. Documentary proof like import licence etc. for source of supply of component to be injected shall have to be produced.

### Terms & Conditions :

01. Interested bidders are requested to apply for issue of tender documents along with all credentials e, g, work order copies along with completion certificate to establish the bidder's capacity to carry out the above mentioned works and documents like latest Income Tax / Sales Tax Clearance Certificate, partnership Deeds / Affidavit for Proprietorship etc.

02. The bidder has to submit separate applications alongwith Demand Draft of Rs 200/ (Non Refundable) in favour of NTPC Ltd., FSTPP, payable at SBI, Andua (Branch Code-7099) with all required documents as mentioned above for individual jobs.

03. The envelopes must be superscribed with tender ref. no. and name of work.

04. The value of EMD as indicated above is to be submitted alongwith bids only. The bid opening date will be mentioned in the tender document which shall be given to the qualified bidders only.

05. NTPC shall not be responsible for any delay in receipt or non-receipt of applications caused due to postal delay or any other reasons.

06. NTPC reserves the right to alter the qualifying requirements and to accept or reject any or all applications without assigning any reason thereof.

07. NTPC reserves the right to relax the qualifying requirements whenever required without assigning any reason thereof.

08. Tender documents shall be issued by post only to those intending parties ( on their request) who prima facie meet the specified qualifying requirements as brought out in this Notice Inviting Tender after scrutiny of the Experience details/ [ Next Column ]

## ১৪শ শতাব্দী পূর্তি উৎসব

**সাগরদীঘি :** এই ব্লকের যুব করণ ও পঞ্চায়েত সমিতির উদ্যোগে গত ১০ এপ্রিল স্থানীয় উচ্চ বালিকা বিদ্যালয়ে ১৪শ শতাব্দী পূর্তি উৎসব পালিত হয়। উদ্বোধন করেন পঞ্চায়েত সমিতির সভাপতি উত্তম মুখার্জী। সঙ্গীত, আবৃত্তি, বিতর্ক প্রভৃতি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। ১২ বছর বয়স পর্যন্ত বসে আঁকো প্রতিযোগিতা হয়। যুব করণ আধিকারিক নগেন্দ্রনাথ বিশ্বাস এবং শিক্ষা কর্মাধ্যক্ষ নুরজামাল সেখের উদ্যোগ সকলের প্রশংসা অর্জন করে।

## অভিযোগ উঠেছে

( ১ম পৃষ্ঠার পর )

নেওয়ার কথা প্রকাশ্যে বলে। তারা আরও বলে পুলিশকে মাঝে মধ্যে মদও ভেট দিতে হয়। সাগরদীঘি থানা ও বহরমপুরে আবগারী বিভাগের সঙ্গে ব্যবসা চালাতে মাসোহারার বন্দোবস্তও আছে।

Documents submitted by the bidders along with their request for iseue of tender papers. However, issuance of tender documents shall not automatically construe qualification of the firm for award of work which will actually be determined during bid evluation.

09. The above specification details are only indicative & full details will be given in our tender enquiry documents. Interested parties are advised to visit the site and familarise themselves with site conditions and the drawings, if applicable.

10. NTPC reserves the right to divide the work to more than one party.

11. Purchase preference to public sectors may be given as per Govt. directives at the discretion of management.

12. If last date of receipt of application / tender submission and opening is a closed holiday for FSTPP, tender application / tender submission and opening shall be shifted to the next working day.

**CHIEF MANAGER**

**( C & M )**

…নাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম … কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।